তাং ... 6 JUN 2004 ...
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৫ ...

দৈনিক ইনকিলাব

# শিক্ষা ও গবেষণা ক্ষেত্রে ডঃ বারী অসামান্য অবদান রেখে গেছেন

## —শিক্ষামন্ত্রী

স্টাফ রিপোর্টার ঃ আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন প্রখ্যাত শিক্ষাবিদ ও দেশবরেণ্য ইসলামী চিন্তাবিদ, রাজশাহী ও জাতীয় বিশ্ববিদ্যালয়ের সাবেক ভিসি এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের প্রাক্তন চেয়ারম্যান প্রফেসর ডঃ এম এ বারীর ইন্তেকালে রাজনীতিবিদ, শিক্ষাবিদসহ দেশের বিশিষ্ট ব্যক্তিবর্গ এবং বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান, সামাজিক, সাংস্কৃতিক, রাজনৈতিক, ধর্মীয় ও শিক্ষা সংগঠনসমূহ পৃথক পৃথক বিবৃতিতে গভীর শোক প্রদান করেছেন। শোক বিবৃতিতে তারা মরহুম প্রফেসর এম এ বারীর রূহের মাগফিরাত কামনা ও তাঁর শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা প্রকাশ করে বলেন, ডঃ বারীর মতো খ্যাতিমান শিক্ষাবিদের আকস্মিক ইন্তেকালে জাতি এক মেধাবী শিক্ষাগুরুকে হারালো। এদেশের শিক্ষার সম্প্রসারণ ও মানোন্নয়নের ক্ষেত্রে প্রফেসর এম এ বারীর অবদান জাতি চিরদিন কৃতজ্ঞতার সাথে স্মরণ করবে।

শিক্ষামন্ত্রী ডঃ এম ওসমান ফারুক ডঃ বারীর ইন্তেকালে গভীর দুঃখ ও শোক প্রকাশ এবং তাঁর রূহের মাগফিরাত কামনা করেন। তিনি শিক্ষা ও গবেষণা ক্ষেত্রে জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে ডঃ বারীর অসামান্য অবদানের কথা গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করেন। বাংলা একাডেমীর পক্ষে মহাপরিচালক প্রফেসর মনসুর মুসা এক শোক বাণীতে বলেন, ডঃ বারীর ইন্তেকালে জাতি একজন বর্ণাঢ্য প্রতিভা ও এই সময়ের অন্যতম জ্ঞানী ব্যক্তিত্বকে হারালো। তিনি মরহুমের রূহের মাগফিরাত কামনা ও শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি সমবেদনা জানিয়ে বলেন, এদেশের শিক্ষা, গবেষণা ও প্রতিষ্ঠান পরিচালনার ইতিহাসে ডঃ বারী চিরস্মরণীয় হয়ে থাকবেন।

চট্টগ্রাম ব্যুরো জানায়, প্রফেসর ডঃ এম এ বারীর ইন্তেকালে আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম-এর ভিসি প্রফেসর ডঃ এ কে এম আজহারুল ইসলাম গভীর শোক প্রকাশ করেছেন। এক শোক বিবৃতিতে প্রফেসর ডঃ এ কে এম আজহারুল ইসলাম তাঁর দীর্ঘ কর্মময় জীবনে প্রফেসর ডঃ এম এ বারীর সাথে ঘনিষ্ঠ সান্নিধ্যের কথা শ্রদ্ধা ও কৃতজ্ঞতার সাথে স্মরণ করে বলেন, তাঁর মৃত্যুতে দেশের সুশীল সমাজ একজন সৎ, ত্যাগী ও নিষ্ঠাবান বুদ্ধিজীবীকে হারালো। ১৯৬৭ সাল থেকে শিক্ষকতা পেশা থেকে শুরু করে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল, [illegible] শিক্ষা সংস্কার কমিটি এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনসহ বিভিন্ন জাতীয় কমিটির সদস্য হিসেবে মরহুম ডঃ বারীর সাথে কাজ করার স্মৃতিচারণ করে তিনি আরো বলেন, শিক্ষার সম্প্রসারণে এবং গুণগত মানোন্নয়নে প্রফেসর ডঃ এম এ বারী এদেশে একজন পথিকৃৎ ব্যক্তিত্ব হিসেবে বরণীয় হয়ে থাকবেন। আইআইইউসি'র প্রো-ভিসি মরহুমের শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জানান এবং মরহুমের রূহের মাগফিরাত কামনা করেন।